# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 23 April, 2025

নোয়াখালীর বেগমগঞ্জ উপজেলায় অজ্ঞাতনামা এক মহিলার (৫৫) কঙ্কাল উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৩ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার আমান উল্লাহপুর ইউনিয়নের কাঁচিহাটা এলাকার আশ্রায়ণ প্রকল্পের পূর্ব পাশের একটি খেতের ঘাসের ভেতর থেকে ওই কঙ্কালটি উদ্ধার করা হয়।কঙ্কালটি কয়েক সপ্তাহ আগের হতে পারে বলে ধারণা করছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার দুপুর দেড়টার দিকে স্থানীয় এক যুবক ঘাস কাটতে ওই খেতের দিকে যাওয়ার সময় ঘাসের ভেতর মানুষের কঙ্কাল পড়ে থাকতে দেখে চিৎকার দেন। তখন আশেপাশের মানুষজন এগিয়ে এসে বিষয়টি দেখে থানা-পুলিশকে জানায়।পরে বিকেলে পুলিশ নিয়ে ঘটনাস্থলে যায়।থানা থেকে বিষয়টি কুমিল্লার সিআইডি অবহিত করা হয়।তারা ঘটনাস্থলে গিয়ে আলামত সংগ্রহের পর কঙ্কালটি উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়।

বেগমগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) লিটন দেওয়ান বলেন, উদ্ধার করা কঙ্কালটি একজন মহিলার বলে প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে।নারীর দুই হাতে দুইটি  চুড়ি ছিল। পরনের কাপড়গুলো নষ্ট হয়ে গেছে।শরীর মাংসগুলো পঁচে গেছে।আছে কেবল হাঁড়।বয়স ৫০/৫৫ বছর হতে পারে।কঙ্কাল দেখে মনে হয় অনেক আগের।সিআইডির একটি বিশেষ দল ঘটনাস্থল পরিদর্শন করে আলামত সংগ্রহ করেছে।

উদ্ধার কঙ্কাল পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 07:45

URL: https://www.timestodaybd.com/chittagong/9418651342